দৈনিক বাংলা



তারিখ 07 FEB 1988
পৃষ্ঠা 1 কলাম 3

অবৈধ অবস্থানকারীদের হল ত্যাগ

# চট্টগ্রাম ভার্সিটি থেকে এক ট্রাক অস্ত্র উদ্ধার

(স্টাফ রিপোর্টার)

চট্টগ্রাম, ৬ই ফেব্রুয়ারী।—চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবৈধভাবে অবস্থানকারীরা শুক্রবার মধ্যরাতে ও আজ সকালে বিভিন্নভাবে ক্যাম্পাস ত্যাগ করেছে।

গত বৃহস্পতিবার সিন্ডিকেটের সভায় আজ সকালের মধ্যে তাদেরকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ত্যাগের নির্দেশ দেয়া হয়েছিল।

এদিকে অবৈধভাবে অবস্থানকারীরা চলে যাওয়ার পর ভাইস-চ্যান্সেলরের নির্দেশে ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের অনুরোধে চট্টগ্রামের এসপি এম জেড আহ্‌ম তালুকদারের নেতৃত্বে আজ জেলা পুলিশের এক বিরাট দল সকাল সোয়া আটটায় ক্যাম্পাসে প্রবেশ করে। পুলিশ বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর, প্রভোস্ট রেজিস্ট্রার ও সহকারীদের নিয়ে

(৫-এর পৃঃ দ্রঃ)

## অস্ত্র উদ্ধার

(প্রথম পৃঃ পর)

আবাসিক হলসমূহ পরিদর্শন ও তল্লাশী শুরু করে।

পুলিশ কয়েকটি হলের অভ্যন্তর ও আলাওল হলের পার্শ্ববর্তী পাহাড়ের পেছন থেকে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে।

হলের অভ্যন্তর থেকে শতাধিক কিরীচ ও ছুরি সাইকেলের চেন, এক ট্রাক লাঠিসোটা, রামদা, রড, নুড়ি পাথর এবং পাহাড়ের পেছন থেকে একটি পাইপগান, দুটি কাটা শটগান, একটি গ্রেনেড, দশ রাউন্ড রাইফেলের গুলি, এসএমজির তিনটি ম্যাগাজিন, শটগানের কয়েক রাউন্ড গুলি উদ্ধার করেছে।

এছাড়া আলাওল হলের ছাদের ওপর একটি বাঙ্কারের সন্ধান পাওয়া গেছে।

রাত দশটায় এই রিপোর্ট লেখার সময়ও ক্যাম্পাসে পুলিশ উপস্থিত ছিল।

ইসলামী ছাত্র শিবির ও সাধারণ ছাত্র আন্দোলন পরিষদ পৃথক বিবৃতিতে অভিযোগ করেছে যে, হলে অবৈধভাবে অবস্থানকারীদের আটক না করে বিশেষ ব্যবস্থায় ক্যাম্পাস ত্যাগের সুযোগ দেয়া হয়েছে।